

করিষ্টের ইমানদার-দলের কাছে লেখা পৌলের দ্বিতীয় চিঠি

বিসমিল্লাহির রাহমানির রাহিম

রুকু: ৯

^(১)এখন মুমিনদের সেবা করার বিষয়ে তোমাদেরকে আমার লেখার প্রয়োজন নেই, ^(২)কারণ আমি তোমাদের আগ্রহ জানি এবং আমি মেসিডোনিয়ার লোকদের কাছে বিষয়ে গর্ব করে বলেছি যে, গত বছর থেকে আখায়ার লোকেরা প্রস্তুত হয়ে রয়েছে; আর তোমাদের উৎসাহ তাদের অধিকাংশ লোককে উৎসাহিত করেছে।

^(৩)তবে আমি ভাইদেরকে পাঠাচ্ছি, যাতে তোমাদের নিয়ে আমাদের যে গর্ব তা এই বিষয়েও নিষ্ফল না হয়, আর আমি যেমন বলেছি, সেভাবে তোমরা প্রস্তুত থাকো; ^(৪)তা না হলে, মেসিডোনিয়ার কোন লোক আমার সাথে এসে যদি দেখে যে, তোমরা প্রস্তুত নও, তাহলে এই কাজে আমরা অপমানিত হবো। এবিষয়ে তোমাদেরকে আমাদের আর কিছু বলার নেই।

^(৫)সেইজন্য আমি ভাইদের এই অনুরোধ করা প্রয়োজন মনে করলাম, যেনো তাঁরা আমার আগে তোমাদের কাছে যান এবং তোমরা যে দানের প্রতিশ্রুতি দিয়েছো, তা আগে থেকে ব্যবস্থা করে রাখেন, যাতে তা স্বেচ্ছাকৃত দান হিসেবে প্রস্তুত থাকে, জোর করে আদায় করা নয়।

^(৬)মূল বিষয়টি এই: যে অল্প পরিমাণে বীজ বুনে সে অল্প পরিমাণে কাটবে, আর যে প্রচুর পরিমাণে বীজ বুনে সে প্রচুর পরিমাণে কাটবে।

^(৭)প্রত্যেকে তার মনে যা দেওয়ার নিয়ত করেছে, সে তাই দান করুক, অনিচ্ছায় বা বাধ্য হয়ে নয়, কারণ আল্লাহ একজন খুশীমনে দানকারীকে ভালোবাসেন করেন।

^(৮)আর আল্লাহ তোমাদেরকে প্রচুর পরিমাণে সকল প্রকার রহমত দান করতে সক্ষম; যাতে সকল বিষয়ে, সব সময়ে পর্যাপ্ত পরিমাণ থাকে, তোমরা সব রকমের ভালো কাজে প্রচুর পরিমাণে অংশগ্রহন করতে পারো। ^(৯)যেমন লেখা আছে, “সে বিলিয়ে দিয়েছে, দরিদ্রদের দান করেছে, তার ধার্মিকতা চিরকাল স্থায়ী।”

^(১০)যিনি বপনকারীকে বীজ এবং খাবারের জন্য রুটি যুগিয়ে থাকেন তিনি বপন করার জন্য তোমাদের বীজ যোগাবেন ও পরিমাণ বাড়িয়ে দেবেন, আর তোমাদের ধার্মিকতার ফসল বৃদ্ধি করবেন।

(১১)তোমার সব দিক দিয়ে সমৃদ্ধ হবে, যেনো তোমরা সব সময় উদার হতে পারো; আর সেই দানশীলতা আমাদের মাধ্যমে আল্লাহর কাছে কৃতজ্ঞতা প্রকাশ করবে; (১২)কারণ এই খেদমতের কাজের মাধ্যমে কেবল মুমিনদের চাহিদা পূরণ করছে তা নয়; বরং আল্লাহর প্রতি শুকরিয়া উপচে পড়ছে।

(১৩)এই খেদমত কাজের প্রমানের মাধ্যমে তারা আল্লাহর গৌরব করবেন, কারণ তোমরা মসিহের সুখবরের প্রতি তোমাদের স্বীকৃত আনুগত্য প্রকাশ করেছো, এবং তাদের প্রতি ও অন্য সবার প্রতি তোমাদের উদার দানশীলতা, (১৪)আর আল্লাহর তোমাদের প্রতি যে অসাধারণ দয়া করেছেন কার কারণে তারা তোমাদের জন্য দোয়া করেন। (১৫)আল্লাহর অবর্ণনীয় দানের জন্য তাঁকে শুকরিয়া জানাই!